দৈনিক ইত্তেফাক

তারিখ 02 MAR 2016 পৃষ্ঠা ... কলাম ...

# জাবিতে ছাত্রদল কর্মীকে পেটালো ছাত্রলীগ

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) এক ছাত্রদল কর্মীকে পিটিয়ে জখম করেছে শহীদ রফিক জব্বার হল শাখা ছাত্রলীগের কর্মীরা। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের বটতলায় এ ঘটনা ঘটে। মারধরের শিকার গোলাম সারওয়ার তুহিন ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের ৪১তম ব্যাচের শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল বটতলায় তুহিন দুপুরের খাবার খেতে গেলে শহীদ রফিক জব্বার হলের ছাত্রলীগ কর্মী কামরুল হাসান, নাজিউল হাসান, আশিকুর রহমানসহ কয়েকজন বাঁশ ও লাঠি দিয়ে তাকে বেধড়ক মারধর করে।

এরা শহীদ রফিক জব্বার হল শাখা ছাত্রলীগের সভাপতি নওশাদ আলম অনিকের অনুসারী বলে জানা যায়।